

**সীমানা বিরোধের জেরে
হাতিয়ায় ১০টি প্রাথমিক বিদ্যালয়
বন্ধ করে দিয়েছে সন্ত্রাসীরা**

প্রতিনিধি, নেয়াখালী

নেয়াখালীর হাতিয়া ও লক্ষীপুরের রামগড়ির সীমানা বিরোধের জের ধরে সন্ত্রাসীরা ১০টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ করে দিয়েছে। যার ফলে ৩ সহস্রাধিক ছাত্র ছাত্রীরা অশিক্ষিত হয়ে পড়েছে। হাতিয়া উপজেলা প্রশাসন সূত্র জানায়, সীমানা বিরোধের জের ধরে হাতিয়া উপজেলার হুরনী ইউনিয়নের সেন্টার সমাজ, মোহাম্মদপুর ও তেগাছিয়া এলাকার ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ করে দিয়েছে রামগড়ির সন্ত্রাসীরা। যার ফলে এ ১০টি প্রাথমিক বিদ্যালয়ের অন্তত ৩ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর বার্ষিক পরীক্ষা ও আসন্ন পি.এস.সি পরীক্ষা দেয়া অনিশ্চিত হয়ে পড়েছে। উপজেলা প্রশাসন সূত্র আরো জানায়, সীমানা বিরোধের জের ধরে শনিবার সকালে সেন্টার সমাজে ভোটের হালনাগাদ কার্যক্রমে হামলা চালায়। লক্ষীপুরের চরণাঙ্গীর ২/৩শত লোক। এর পরদিন ঐ এলাকার সন্ত্রাসীরা এসে মোহাম্মদপুর, সেন্টার সমাজ, তেগাছিয়াসহ বিভিন্ন এলাকায় মহড়া দেয় এবং ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঢুকে ছাত্র/ছাত্রীদের বের করে স্কুল গুলি বন্ধ করে দেয়। এ ঘটনার পর ছাত্রছাত্রীদের নিরাপত্তার কথা বিবেচনায় বিদ্যালয় বন্ধ ঘোষণা করেন। এদিকে হালনাগাদ ভোটের তালিকা বন্ধ হয়ে যাওয়ায় এলাকার লোকজন বুধবার এলাকায় মানববন্ধন ও বিকোভ মিছিল করেছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস ঘটনার সত্যতা স্বীকার করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এ বিষয়ে হাতিয়া ও রামগড়ির মধ্যে তীব্র উত্তেজনা চলছে এবং রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা রয়েছে।